

## সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৩০১২

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৫৫. আরাফাতে অবস্থানস্থল

### بَابُ الْمَوْقِفِ بِعَرَفَاتٍ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ عَبْدِ اللَّهِ الْعُمَرِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُكَدَّرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - " كُلُّ عَرَفَةَ مَوْقِفٌ وَارْفَعُوا عَنْ بَطْنِ عُرْنَةَ وَكُلُّ الْمُزْدَلِفَةِ مَوْقِفٌ وَارْفَعُوا عَنْ بَطْنِ مُحَسِّرٍ وَكُلُّ مَنَى مَنَحَرٌ إِلَّا مَا وَرَاءَ الْعُقَبَةِ " .

বাংলা

৩/৩০১২। জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সমগ্র আরাফাতই অবস্থানস্থল, বাতনে আরাফাত থেকে উঠে যাও। গোটা মুযদালিফাই অবস্থানস্থল এবং বাতনে মুহাসসির থেকে উঠে যাও (সেখানে অবস্থান করো না)। সমস্ত মিনাই কুরবানীর স্থান, কিন্তু জামরাতুল আকাবার পশ্চাদভাগ নয়।

## English

It was narrated from Jabir bin 'Abdullah that the Messenger of Allah (ﷺ) said:

"All of 'Arafat is the place of standing, but keep away from the interior of 'Uranah. And all of Muzdalifah is the place of standing but keep away from the interior of Muhassir. And all of Mina is the place of sacrifice, except for what is beyond 'Aqaba."

ফুটনোট

আবু দাউদ ১৯৩৬, ১৯৩৭, দারেমী ১৮৭৯, সহীহ আবু দাউদ ১৬৬৫, ১৯২, ১৬৯৩।

তাহকীক আলবানীঃ (إِلَّا مَا وَرَاءَ الْعُقْبَةِ) অর্থাৎ কিন্তু জামরাতুল আকাবার পশ্চাদভাগ নয়; কথাটি ব্যাতিত সহিহ। উক্ত হাদিসের রাবী কাসিম বিন আবদুল্লাহ আল উমারী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবুল ফাতহ আল-আযদী ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, আমি তার থেকে কোন হাদিস গ্রহন করিনি। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি দুর্বল ও মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। ইমাম যাহাবী তাকে বর্জন করেছেন। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭৯৮, ২৩/৩৭৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43976>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন